# আল-ওয়াকিয়া | Al-Waqi'a | ٱلْوَاقِعَة

আয়াতঃ ৫৬ : ৮৮

## আরবি মূল আয়াত:

فَأَمَّا إِن كَانَ مِنَ الْمُقَرَّبِينَ ﴿٨٨﴾

## অনুবাদসমূহ:

অতঃপর সে যদি নৈকট্যপ্রাপ্তদের অন্যতম হয়, — আল-বায়ান

অতএব সে যদি (আল্লাহর) নৈকট্য প্রাপ্তদের একজন হয় — তাইসিরুল

যদি সে নৈকট্য প্রাপ্তদের একজন হয় – — মুজিবুর রহমান

And if the deceased was of those brought near to Allah, — Sahih International

### ৮৮. অতঃপর যদি সে নৈকট্যপ্রাপ্তদের একজন হয়,

-

তাফসীরে জাকারিয়া

### (৮৮) সুতরাং যদি সে নৈকট্যপ্রাপ্তদের একজন হয়, [1]

[1] সূরার শুরুতে নিজ নিজ কর্ম হিসাবে মানুষের যে তিনটি শ্রেণী উল্লেখ করা হয়েছে, তারই পুনরাবৃত্তি করা হচ্ছে। আলোচ্য আয়াতে তার প্রথম শ্রেণীর কথা বলা হচ্ছে, যাদেরকে ‘নৈকট্যপ্রাপ্ত’ ছাড়া অগ্রবর্তীও বলা হয়। কেননা তারা নেকী ও পুণ্যের প্রত্যেক কাজে সর্বদা আগে আগে থাকে এবং ঈমান গ্রহণ করার ব্যাপারেও তারা সবার অগ্রণী হয়। আর এই সদগুণের জন্যই তারা আল্লাহর নৈকট্যপ্রাপ্ত গণ্য হবে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5067

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন